

ঢাকা, রোববার, ২৫ সেপ্টেম্বর ২০১৬, ১০ আশ্বিন ১৪২৩, ২২ ফিলহজ ১৪৩৭ হিজরী

## এসইআইপি সনদ পেল পশমী সোয়েটার্সের কর্মকর্তা-কর্মচারীরা

প্রকাশের সময় : ২০১৬-০৯-১১

উৎপাদন পরিকল্পনা ও নিয়ন্ত্রণবিষয়ক প্রশিক্ষণ শেষে ক্লিস ফর অ্যামপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইআইপি) সনদ পেয়েছেন পশমী সোয়েটার্স লি., ফেইম সোয়েটার্স লি., স্পেক্টা সোয়েটার্স লি. এবং সোয়েটার-মেকার্স লি.-এর কর্মকর্তা-কর্মচারীরা। অর্থ মন্ত্রণালয়, এশিয়া উন্নয়ন ব্যাংক (এডিবি) এবং বিজিএমইএ-এর অর্থায়নে মাসব্যাপি (৬৫ ঘণ্টা) এই প্রশিক্ষণের মূল উদ্দেশ্য হলো গার্মেন্টস খাতে যারা কাজ করে তারা যেন আন্তর্জাতিক মান বজায় রেখে সক্রিয়তা ও সক্ষমতা বৃদ্ধি করতে পারে। সোয়েটার-মেকার্স লি.-এর কার্যালয়ে এসইআইপি সনদ হস্তান্তর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশমী সোয়েটার্স লি.-এর চেয়ারম্যান মো. মনজুরুল আযম, নির্বাহী পরিচালক নিহাল অরুনা শাঃথা ডি সিলভা এবং প্রধান পরিচালন কর্মকর্তা মো. আহসানুল হক প্রমুখ। উল্লেখ্য মার্চেন্ডাইজার, প্রোডাকশন ম্যানেজার ও ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারদের নিয়ে মোট ২২জন কর্মকর্তা-কর্মচারী উক্ত প্রশিক্ষণে অংশ নেয়। প্রশিক্ষণটি পাঁচটি বিষয়ের উপর বিশেষভাবে গুরুত্ব দেয়া হয়েছে। বিষয়গুলো হচ্ছে প্রতিযোগিতামূলক মনোভাব, সক্ষমতা তৈরি, সক্ষমতার ব্যবহার, সময় সঠিকতা, পরিকল্পনা ও নিষ্পাদন এবং সময়ের মধ্যে সরবরাহ। Nপ্রেস বিজ্ঞপ্তি

Share Statistics - fb : 0 twitter google+ 0

0 0